**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

## নিউ ইয়র্ক স্টেটে জলবায়ু সপ্তাহ উদযাপনের জন্য গভর্নর হোকলের ঘোষণাপত্র জারি

***ঘোষণাপত্রটি জলবায়ু পরিবর্তন মোকাবেলা, দেশের-নেতৃস্থানীয় জলবায়ু ও নির্মল জ্বালানি লক্ষ্যসমূহ অর্জনের জন্য নিউ ইয়র্কের অঙ্গীকারাবদ্ধতা পুনরায় নিশ্চিত করছে***

***ঘোষণাপত্রটি পড়ুন এখানে***

গভর্নর ক্যাথি হোকল আজ 19-25 সেপ্টেম্বর, 2022 তারিখকে নিউ ইয়র্ক স্টেটে জলবায়ু সপ্তাহ হিসেবে ঘোষণা করে একটি ঘোষণাপত্র জারি করেছেন। এই ঘোষণা কার্বন ফুটপ্রিন্ট কমিয়ে আনা, কমিউনিটিগুলোকে আরো বেশি শক্তিশালী করে তোলা, এবং জলবায়ু পরিবর্তন মোকাবেলা করা এবং সব নিউ ইয়র্কবাসীর জন্য নতুন সুযোগ তৈরি করার ব্যাপারে নিউ ইয়র্কের অঙ্গীকারাবদ্ধতা পুনরায় নিশ্চিত করছে। নিউ ইয়র্ক সিটিতে প্রতি বছর জলবায়ু সপ্তাহ উদযাপন করা হয়, যা এই বছর এধরনের সর্ববৃহৎ বৈশ্বিক ইভেন্ট হিসেবে 14তম বছরে পদার্পণ করছে।

"নিউ ইয়র্ক জলবায়ু আইনের অংশ হিসেবে আমাদের আগ্রাসী লক্ষ্যগুলো অর্জন করতে আমাদের জলবায়ুকে প্রভাবিত করছে এমন ক্ষতিকর গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমানো এবং একটি নির্মল জ্বালানি অর্থনীতির দিকে এগিয়ে যাওয়ার জন্য দেশের সবচেয়ে উচ্চাকাঙ্ক্ষী পরিকল্পনা বাস্তবায়ন করছে," **বলেছেন গভর্নর হোকল।** "নবায়নযোগ্য ও টেকসই প্রকল্প ও অবকাঠামোতে আমাদের রূপান্তরমূলক বিনিয়োগ, নিউ ইয়র্ক যাতে আগামী বছরগুলোতে সব নিউ ইয়র্কবাসীর জন্যে সুফল বয়ে আনার উদ্দেশ্যে পরিবেশগত ন্যায়বিচারের উপর জোর দেওয়া জলবায়ু সংক্রান্ত পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে সামনের সারিতে অবস্থান করে সে বিষয়টি নিশ্চিত করছে।"

ন্যাশনাল ওশেনিক এন্ড অ্যাটমসফেরিক অ্যাডমিনিস্ট্রেশন (National Oceanic and Atmospheric Administration)-এর তথ্য অনুযায়ী, 2013 সাল থেকে 2021 সাল পর্যন্ত এই নয় বছর সবচেয়ে উষ্ণ 10 বছরের রেকর্ড তৈরি করেছে, যেখানে 2021 সাল ষষ্ঠতম উষ্ণ বছরের রেকর্ড তৈরি করেছে। তীব্র ঝড় ও বন্যা, প্রচণ্ড তাপদাহ, খরা, এবং বায়ু দূষণ নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও জীবনের মানের জন্য হুমকি হয়ে উঠেছে, এবং আমাদের অবকাঠামো অব্যাহতভাবে

জলবায়ু সম্পর্কিত বিপদসমূহ যেমন সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, উপকূলীয় বন্যা, এবং তীব্র তুষারপাত ইত্যাদির দ্বারা হুমকির সম্মুখীন হচ্ছে।

2019 সালে, নিউ ইয়র্ক স্টেট দেশের-নেতৃস্থানীয় জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইন (CLCPA) প্রণয়ন করে, যেখানে 2030 সালের মধ্যে স্টেটব্যাপী গ্রিনহাউজ গ্যাস নির্গমনের পরিমাণ 1990 সালের পরিমাণের চেয়ে 40 শতাংশ কমিয়ে আনা, এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ কমিয়ে আনা আবশ্যক করা হয়, যা স্টেটকে কার্বন নিরপেক্ষতা অর্জনের পথে এগিয়ে নিয়ে যাবে। CLCPA অনুযায়ী 22 সদস্যবিশিষ্ট নিউ ইয়র্ক স্টেট ক্লাইমেট অ্যাকশন কাউন্সিল (Climate Action Council) গঠন করা হয় এবং গ্রিনহাউজ গ্যাস নির্গমন সীমিত করার লক্ষ্যমাত্রা অর্জনের জন্য একটি স্কোপিং প্ল্যানের খসড়া জনসাধারণের মতামত জানার জন্য প্রকাশ করা হয় এবং এই বছরের শেষ নাগাদ একটি চূড়ান্ত স্কোপিং প্ল্যান সম্পূর্ণ করা হবে।

নিউ ইয়র্ক স্টেট নির্মল জ্বালানি এবং জ্বালানি দক্ষতার জন্য করা বিনিয়োগগুলোর সামগ্রিক সুবিধার মধ্যে কমপক্ষে 40 শতাংশ প্রদানের লক্ষ্য নিয়ে, সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোকে 35 শতাংশ প্রদান করতে অঙ্গীকারাবদ্ধ রয়েছে এবং এক্ষেত্রে পরিবেশগত ন্যায়বিচারের বিষয়টিকে কার্যক্রমের সামনে ও কেন্দ্রে রেখেছে। এছাড়াও CLCPA দেশের সবচেয়ে আগ্রাসী নির্মল জ্বালানি এজেন্ডা প্রতিষ্ঠা করেছে, যেখানে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য বিদ্যুৎ অর্জন, এবং 2040 সালের মধ্যে 100 শতাংশ শূন্য-নির্গমন বিদ্যুৎ অর্জন আবশ্যক করা হয়েছে।

**নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার এবং স্টেটের ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের সহ-সভাপতি বাসিল সেগোস বলেন,** "নিউ ইয়র্ক স্টেট জলবায়ু-পরিবর্তনের জন্য দায়ী গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমানো, নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও জীবনের মান উন্নত করা, এবং পরিবেশ সুরক্ষিত রাখার জন্য সাহসী পদক্ষেপ গ্রহণ করছে**।** ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের কার্যক্রম জলবায়ু আইনে বর্ণিত আমাদের আগ্রাসী জলবায়ু লক্ষ্যসমূহ যাতে আমরা পূরণ করতে পারি এবং ঐতিহাসিক কাল থেকে জলবায়ু পরিবর্তের বাড়তি বোঝা বহন করছে এমন সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোকে অগ্রাধিকার দিতে পারি সে বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করছে। এই জলবায়ু সপ্তাহে, আমরা একটি অধিকতর নির্মল, আরো বেশি উজ্জ্বল ভবিষ্যত গড়ে তোলার আমাদের সামষ্টিক লক্ষ্যকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে আমাদের স্থানীয়, স্টেট ও ফেডারেল পর্যায়ের অংশীদারদের সঙ্গে যোগ দিচ্ছি।"

**নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority) প্রেসিডেন্ট ও CEO এবং ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের সহ-সভাপতি ডোরিন এম. হ্যারিস বলেন**, "এই জলবায়ু সপ্তাহ একটি রিমান্ডার যে নিউ ইয়র্ক এই মুহূর্তটি কাজে লাগানোর জন্য এবং সব নিউ ইয়র্কবাসীর জন্য সুফল বয়ে আনার উদ্দেশ্যে সামনে থেকে জলবায়ু পরিবর্তন মোকাবেলার জন্য গভর্নর হোকলের নেতৃত্বাধীনে একটি অনন্য কাজে নিয়োজিত রয়েছে। আমাদের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু ও নির্মল জ্বালানি সংক্রান্ত লক্ষ্যসমূহ অর্জনের জন্য একসঙ্গে কাজ করার এই সময়ে, স্টেটের কার্বন ফুটপ্রিন্ট কমানো, আমাদের কমিউনিটিগুলোকে আরো বেশি শক্তিশালী করে তোলা, এবং ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের সুচিন্তিত পরিকল্পনা ও সহযোগিতার মধ্য দিয়ে,

ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য নতুন সুযোগ তৈরি করতে NYSERDA এটির কার্যক্রম চালিয়ে যাওয়ার প্রত্যাশা রাখে।"

**নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির (New York Power Authority) অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ও CEO জাস্টিন ই. ড্রিসকল বলেন,** "জলবায়ু সপ্তাহ উদযাপনের এই সময়ে কার্বন নির্গমন কমানো এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমনের জন্য স্টেটের সহযোগিতামূলক প্রচেষ্টার স্বীকৃতি দেওয়া গুরুত্বপূর্ণ। গভর্নর হোকলের অধীনে, নিউ ইয়র্ক স্টেট বিতরণের সহনশীলতা, নবায়নযোগ্য শক্তি উৎপাদন, বৈদ্যুতিক যানবাহন, এবং জ্বালানি দক্ষতা সংক্রান্ত পদক্ষেপসমূহে বিনিয়োগ করার মাধ্যমে অর্থনীতিকে ডিকার্বনাইজ করার প্রচেষ্টা দ্বিগুণে উন্নীত করছে।"

নিউ ইয়র্ক স্টেটে স্টেটজুড়ে 120টিরও বেশি সৌর, ভূমি-ভিত্তিক বায়ু, এবং উপকূলীয় বায়ুশক্তি প্রকল্প উন্নয়নের কাজ চলমান রয়েছে যেগুলো সম্পন্ন হয়ে যাওয়ার পরে নিউ ইয়র্কের বিদ্যুতের চাহিদার 66 শতাংশেরও বেশি নবায়নযোগ্য উৎস থেকে সরবরাহ করতে সক্ষম হবে। এছাড়াও উচ্চ প্রভাবপূর্ণ অসংখ্য প্রকল্প উন্নয়ন করার মাধ্যমে স্টেট বিতরণ ব্যবস্থার সহনশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধির জন্য বিনিয়োগ করছে যা স্টেটজুড়ে নবায়নযোগ্য শক্তি দক্ষতার সঙ্গে স্থানান্তরের সক্ষমতা তৈরি করবে।

নির্মল ও নবায়নযোগ্য জ্বালানির দিকে উত্তরণের ক্ষেত্রে নেতৃস্থানীয় ভূমিকা পালনকারী হিসেবে, নিউ ইয়র্ক স্টেট এমন উদ্ভাবনমূলক প্রযুক্তিগুলোতে বিনিয়োগ করছে যা স্টেটজুড়ে নতুন অর্থনৈতিক সুযোগসমূহ তৈরি করছে, যার মধ্যে NY-সান (NY-Sun), রিচার্জ NY (ReCharge NY), NY গ্রিন ব্যাংক (NY Green Bank) এর মতো কর্মসূচি এবং কমিউনিটিগুলোকে স্থানীয় জলবায়ু পদক্ষেপ বাস্তবায়নে সহায়তা করার কর্মসূচিসমূহ, যেমন স্টেটজুড়ে কমিউনিটির বায়ু পর্যবেক্ষণের উদ্যোগ, ক্লাইমেট স্মার্ট কমিউনিটিস (Climate Smart Communities) কর্মসূচি, ক্লিন এনার্জি হাবস (Clean Energy Hubs), বিল্ড স্মার্ট 2025 (BuildSmart2025), স্মার্ট স্ট্রিট লাইটিং NY (Smart Street Lighting NY), ইভলভ NY (Evolve NY), এবং চেঞ্জ NY (Charge NY) অন্তর্ভুক্ত রয়েছে।

## নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডা দেশের সবচেয়ে জোরালো জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারি থেকে মুক্তি লাভ করার পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টি করে এবং সবুজ অর্থনীতির উন্নতি অব্যাহত রাখে এমন পরিচ্ছন্ন শক্তির সুশৃঙ্খল ও ন্যায্য পরিবর্তনের দাবি জানায়। জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনের মাধ্যমে আইনে যেভাবে অন্তর্ভুক্ত রয়েছে, 2040 সালের মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎ খাতের লক্ষ্যমাত্রা অর্জনের পথে নিউ ইয়র্ক এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতিতে ব্যাপক কার্বন নিরপেক্ষতায় পৌঁছানো। স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারের বেশি সহ, এটি

নির্মল জ্বালানির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের সাথে যুক্ত হয়েছে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্ক এই অগ্রগতিকে সামনে এগিয়ে নিয়ে যাবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন 1990 সালের তুলনায় 85 শতাংশ কমিয়ে আনবে, সেই সাথে পরিচ্ছন্ন জ্বালানি সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছায় তা নিশ্চিত করবে, এবং অন-সাইট জ্বালানি ব্যবহার কমানোর জন্য স্টেটের 2025 সালের জ্বালানি দক্ষতার লক্ষ্যমাত্রার দিকে অগ্রসর হবে যা শেষ-ব্যবহারকারীর 185 ট্রিলিয়ন BTU জ্বালানি সাশ্রয় করবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418